

কেন্দ্রীয় মোতায়েন বিভাগ

“জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, কুষ্টিয়া

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

নং- ১৭.০৫.৫০০০.০০০.৩৬.০০৭.১৮-৪৫০

তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ আসলাম হোসেন, জেলা প্রশাসক, কুষ্টিয়া ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ০৮ নভেম্বর ২০১৮/ ২৪ কার্তিক ১৪২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৬ মূলে ঘোষিত সময়সূচি গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করিয়াছেন:

(ক) রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখঃ	১৪ অগ্রহায়ণ ১৪২৫ ২৮ নভেম্বর ২০১৮	(বুধবার)
(খ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ	১৮ অগ্রহায়ণ ১৪২৫ ০২ ডিসেম্বর ২০১৮	(রবিবার)
(গ) প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখঃ	২৫ অগ্রহায়ণ ১৪২৫ ০৯ ডিসেম্বর ২০১৮	(রবিবার)
(ঘ) ভোট গ্রহণের তারিখঃ	১৬ পৌষ ১৪২৫ ৩০ ডিসেম্বর ২০১৮	(রবিবার)

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৭৫ কুষ্টিয়া-১, ৭৬ কুষ্টিয়া-২, ৭৭ কুষ্টিয়া-৩ ও ৭৮ কুষ্টিয়া-৪ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৮ নভেম্বর ২০১৮/ ১৪ অগ্রহায়ণ ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার,সংশ্লিষ্ট, কুষ্টিয়া) মনোনয়নপত্র গৃহীত হবে।

উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দেয়ারও সুযোগ রয়েছে।

তারিখঃ ১ ২ দিন ১ ১ মাস ২ ০ ১ ৮ বৎসর


(মোঃ আসলাম হোসেন)
জেলা প্রশাসক, কুষ্টিয়া

ও
রিটার্নিং অফিসার
একাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোনঃ ০৭১-৬২৩০০

E-mail- dckushtia@mopa.gov.bd

নির্বাচনী এলাকার নম্বর ও নাম


৭৫ কুষ্টিয়া-১, ৭৬ কুষ্টিয়া-২, ৭৭ কুষ্টিয়া-৩ ও ৭৮ কুষ্টিয়া-৪

নং- ১৭.০৫.৫০০০.০০০.৩৬.০০৭.১৮-৪৫০

তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
৪. পুলিশ সুপার, কুষ্টিয়া।
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া।
৭. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুষ্টিয়া।
৮. উপজেলা নির্বাহী অফিসার,(সকল), কুষ্টিয়া ও সহকারী রিটার্নিং অফিসার। এই গণ-বিজ্ঞপ্তি তাঁর উপজেলার সর্বত্র প্রচার এবং নিজ কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
৯. সিনিয়র জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া। তাঁকে গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাসহ জেলার সকল এলাকায় মাইকযোগে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১০. উপজেলা নির্বাচন অফিসার.....(সকল), কুষ্টিয়া।
১১. অফিসার ইন-চার্জ..... থানা, (সকল), কুষ্টিয়া।


(মোঃ আসলাম হোসেন)
জেলা প্রশাসক, কুষ্টিয়া

ও
রিটার্নিং অফিসার